কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.৩৮.১১.০০৫.২০১৮.৭০০৩ তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত পদসমুহ অস্থায়ীভাবে পূরণ করার নিমিত্ত **রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি** পার্বত্য জেলার নাগরিক ব্যতিত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে অনলাইন এ আবেদনপত্র আহবান করা যাইতেছে:

| ক্রঃনং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করিবার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | স্টোর কিপার (গ্রেড-১৪) | ১৩ (স্থায়ী-১০ ও অস্থায়ী-৩) | ১০২০০-২৪৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি। | - |
| ২. | পরিসংখ্যান সহকারী (গ্রেড-১৪) | ০৭ (স্থায়ী-৪ ও অস্থায়ী-৩) | ১০২০০-২৪৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়সহ স্নাতক ডিগ্রি। | |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ৫০৬ (স্থায়ী-৪৫৪ ও অস্থায়ী-৫২) | ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ থাকিতে হইবে :<br>(ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ৪. | ইলেকট্রিশিয়ান (গ্রেড-১৬) | ০৪ | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৫. | লাইব্রেরিয়ান গ্রেড-১৬) | ০৪ | ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনায় প্রশিক্ষণ থাকিতে হইবে। | |
| ৬. | ক্যাশিয়ার (গ্রেড-১৬) | ২৩ | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। | |
| ৭. | ড্রাইভার (গ্রেড-১৬) | ৩২ | ৯৩০০-২২৪৯০/- | বৈধ হালকা ও ভারী ড্রাইভিং লাইসেন্সসহ ৮ম শ্রেণী পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৮. | প্লাম্বিং মিস্ত্রি (গ্রেড-১৭) | ৬ | ৯০০০-২১৮০০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ টিউবওয়েল মেরামত এবং পানির লাইন মেরামত সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | মাদারীপুর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, মাগুরা, বাগেরহাট, চুয়াডাংগা, মেহেরপুর, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী জেলার প্রার্থীগণের **আবেদন করিবার প্রয়োজন নেই।** |
| ৯. | স্প্রেয়ার মেকানিক (গ্রেড-১৮) | ২২০ | ৮৮০০-২১৩১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকিতে হইবে। | |
| ১০. | অফিস সহায়ক (গ্রেড-২০) | ৭০ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। | |
| ১১. | ফার্মলেবার (গ্রেড-২০) | ২০৬ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | |
| ১২. | নিরাপত্তা প্রহরী/অফিস গার্ড (গ্রেড-২০) | ২২২ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। | |

| ক্রঃনং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করিবার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৩. | বাবুর্চি (কুক) (গ্রেড-২০) | ২৬ (অস্থায়ী) | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ রান্নার কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং (খ) সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | **তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।** |
| ১৪. | পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০) | ১৮ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | |

নিয়োগের শর্তাবলী :

১. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হইবে।

২. অনলাইন-এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষার ফি জমাদান এর সময়সূচি :
ক. আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৭ আগস্ট ২০১৯ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।
খ.আবেদনপত্র পূরণ পূর্বক দাখিলের শেষ তারিখ ও সময় : ০৬ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা।
শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা (অর্থাৎ ০৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. সন্ধ্যা ০৫.০০ টা পর্যন্ত) SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারিবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হইবে না।

বিশেষ দ্রষ্টব্য: Applicant's Copy তে উল্লিখিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘন্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া হইল। কাজেই শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করিয়া হাতে যথেষ্ট সময় থাকিতে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

৩. বয়স সীমা: ০১ আগস্ট ২০১৯ খ্রি. তারিখে বয়স :
ক. সকল প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হইতে হইবে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী ব্যতীত)।
খ. মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স সর্বোচ্চ ৩২ বছর।
গ. মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর।
ঘ. প্রার্থীর বয়স কম বা বেশী হইলে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৪. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পদে গ্রেড-১৪ হইতে গ্রেড-১৬ পর্যন্ত প্রতি প্রার্থীকে পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ পর্যন্ত প্রতি প্রার্থীকে পরীক্ষা ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা এবং সার্ভিস চার্জ ০৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা উল্লিখিত নিয়মে যথাসময়ে প্রদান করিতে হইবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৫. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেইভাবে লেখা রহিয়াছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

৬. মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হইলে তা গ্রহণযোগ্য হইবে না।

৭. অনলাইন-এ আবেদনপত্র পূরণের ক্ষেত্রে শুধুমাত্র Teletalk Bangladesh Limited এর Web Address http:/dae.teletalk.com.bd অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের Web Address: www.dae.gov.bd থেকে প্রাপ্ত অনলাইন আবেদনপত্র বৈধ বলিয়া গণ্য হইবে।

৮. উল্লিখিত ১৪ (চৌদ্দ) ক্যাটাগরির পদে নিয়োগের লক্ষ্যে অনলাইন আবেদনে উল্লিখিত প্রার্থীর মোবাইল ফোন নম্বরে Teletalk হইতে SMS এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হইবে।

৯. অনলাইনে ফরম পূরণের সংক্ষিপ্ত পদ্ধতিঃ
প্রার্থীকে টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েব সাইট http:/dae.teletalk.com.bd অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের Web Address: www.dae.gov.bd এর মাধ্যমে সরকার কর্তৃক অনুমোদিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করিয়া online registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করিতে হইবে। উল্লিখিত ওয়েব সাইট ওপেন করিলে ১৪ (চৌদ্দ) ক্যাটাগরির পদে নিয়োগ ২০১৯ এর বিজ্ঞপ্তি/Advertisement, অনলাইন-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনাবলী এবং নির্ধারিত Application Form এর লিংক দৃশ্যমান হইবে। Application Form এর লিংক এ ক্লিক করিলে বিভিন্ন পদের রেডিও বাটন দৃশ্যমান হইবে। রেডিও বাটন সিলেক্ট করিয়া Next বাটনে ক্লিক করিলে Application Form পাতায় প্রবেশ করা যাইবে।

১০. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

১১. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

০৬/৮/১৯

**(মোঃ মাহবুবুল আলম)**
উপ পরিচালক (পার্সোনেল) (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি